

আবাসিক শ্রেণির গ্রাহকদের নতুন গ্যাস সংযোগ প্রক্রিয়া

আবেদন পত্র সংগ্রহের পদ্ধতিঃ

১. কোম্পানীর সংশ্লিষ্ট কার্যালয়/গ্রাহক সেবাবুখ/ওয়ানস্টপ সার্ভিস সেন্টার/ কোম্পানীর ওয়েবসাইট হতে ডাউনলোড করে আবেদনপত্র সংগ্রহ করা যাবে।
২. আবেদনপত্র ফি বাবদ টাকা ৩০০/- মাত্র নির্ধারিত ব্যাংক অথবা কোম্পানীর সংশ্লিষ্ট হিসাব শাখার ক্যাশ কাউন্টারে পরিশোধ করতে হবে।

আবেদনপত্র জমাদান পদ্ধতিঃ

সংগৃহীত আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে নিম্নবর্ণিত প্রয়োজনীয় কাগজপত্রাদিসহ সংশ্লিষ্ট জোন/আঞ্চলিক কার্যালয়ে দাখিল করতে হবেঃ

১. আবেদনকারীর পাসপোর্ট সাইজের ৩ (তিন) কপি সত্যায়িত রশ্মি ছবি।
২. জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি।
৩. জমির মালিকানার দালিলিক প্রমাণ হিসেবে দলিল/নামজারীর কাগজ (যে কোন একটি)
৪. দাখিলা/ভূমি উন্নয়ন কর পরিশোধের রসিদ (যে কোন একটি)।
৫. লীজ গ্রহীতার ক্ষেত্রে নিয়মিত মাসিক গ্যাস বিল পরিশোধের অঙ্গীকারনামা।
৬. প্রস্তাবিত অভ্যন্তরীণ পাইপলাইনের ৩ (তিন) কপি নক্সা।
৭. আবেদন ফি জমা বাবদ ৩০০/- টাকা জমাদানের রসিদ।
৮. ঠিকাদার নিয়োগপত্র।

সরকারি/আধাসরকারি/স্বায়ত্তশাসিত সংস্থা অথবা অন্য কোন এজেন্সীর স্টাফ কোয়ার্টার/কলোনীসমূহে গ্যাস সংযোগের জন্য ঐ সংস্থা বা গণপূর্ত বিভাগ (প্রয়োজ্য ক্ষেত্রে) আবেদন করবে এবং সংশ্লিষ্ট সংস্থাকেই গ্রাহক হিসেবে গণ্য করা হবে। বাড়ীর মালিক একাধিক হলে অন্য মালিকগণের গ্যাস সংযোগে অনাপত্তি জমাদান সাপেক্ষে সংযোগ প্রদান করা হবে।

পুনঃসংযোগ এবং ব্যয়ঃ

গ্যাস সংযোগ বিচ্ছিন্নকরণ ব্যয়ের অতিরিক্ত হিসেবে গ্যাস লাইন পুনঃসংযোগ ব্যয় বাবদ টাকা ৫০০/- (পাঁচশত) পরিশোধ করতে হবে। স্থায়ীভাবে বিচ্ছিন্নকৃত গ্রাহকদের পুনঃসংযোগের সময় বিচ্ছিন্নকরণের প্রকৃত ব্যয়সহ নতুন সংযোগ বাবদ নির্ধারিত চার্জ জমা প্রদান করতে হবে। তবে উভয়ক্ষেত্রে কোম্পানীর বিধি মোতাবেক পুনঃসংযোগ গ্রহণের পূর্বে বকেয়া গ্যাস বিলসহ অন্যান্য পাওনা (যদি থাকে) পরিশোধ করতে হবে।

গ্যাস লোড হ্রাস/বৃদ্ধি/পুনর্নিয়মিত চার্জঃ

মিটারবিহীন গ্রাহকঃ

গ্যাস সরঞ্জাম/বার্নার হ্রাস/বৃদ্ধি করে অথবা অপরিবর্তিত রেখে পুনর্নিয়মিত করা হলে গ্রাহককে চুলা প্রতি টাকা ২০০/- (দুইশত) হারে চার্জ পরিশোধ করতে হবে।

মিটারযুক্ত গ্রাহকঃ

কোন গ্রাহকের গ্যাস লোড হ্রাস/বৃদ্ধি/পুনর্নিয়মিত অথবা বহির্গমন চাপ হ্রাস/বৃদ্ধির কারণে আরএমএস/ সিএমএস-এর কোন সরঞ্জাম পরিবর্তনের প্রয়োজন না হলে গ্রাহককে অতিরিক্ত অর্থ প্রদান করতে হবে না। তবে আরএমএস/সিএমএস-এর কোন সরঞ্জাম পরিবর্তনের প্রয়োজন হলে গ্রাহককে টাকা ১,৫০০/- (এক হাজার পাঁচশত) চার্জ পরিশোধ করতে হবে।